# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র** বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ একটি দেশের সর্বদক্ষিণে অবস্থিত 'ক' ইউনিয়নটি আয়তনে অনেক বড় এবং জনসংখ্যাও বিপুল। একজন চেয়ারম্যানের পক্ষে এতবড় ইউনিয়ন নিয়ন্ত্রণ করা কঠিন। ইউনিয়নের এক বিশাল জনগোষ্ঠী পৃথক ইউনিয়ন গঠনের দাবি জানায়। কর্তৃপক্ষ তাতে সাড়া দিয়ে প্রশাসনিক, অর্থনৈতিক ও বিভিন্ন কারণ দেখিয়ে ইউনিয়নটিকে বিভক্ত করে দুটি ইউনিয়ন গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. কত সালে সর্বভারতীয় মুসলিম লীগ গঠন করা হয়েছিল? ১

খ. দ্বি-জাতিতত্ত্ব কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে ঐতিহাসিক কোন বিষয়ের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে পাঠ্যবইয়ের ঐতিহাসিক ঘটনাটির ফলাফল মূল্যায়ন করো। ৪

**২.** ★ নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

সরকার ↓

| | |
|---|---|
| রাষ্ট্রপতি | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| উপ-রাষ্ট্রপতি | সৈয়দ নজরুল ইসলাম |
| প্রধানমন্ত্রী | তাজউদ্দিন আহমদ |
| পররাষ্ট্রমন্ত্রী | খন্দকার মোশতাক আহমদ |
| স্বরাষ্ট্রমন্ত্রী | এ.এইচ.এম. কামরুজ্জামান |

ক. যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল? ১

খ. মৌলিক গণতন্ত্র কী? ২

গ. ছকে উল্লিখিত তথ্যটি তোমার পাঠ্যবইয়ের কোন সরকারকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত সরকারের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ▶ 'ক' একটি কলেজের ছাত্রী। প্রতিদিন কলেজে আসা-যাওয়ার পথে কিছু বখাটে ছেলে তাকে বিরক্ত করত। তাই সে বাধ্য হয়ে কলেজে যাওয়া বন্ধ করে দেয়।

ক. HIV-এর পূর্ণরূপ কী? ১

খ. খাদ্যে ভেজাল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' কোন ধরনের সমস্যার সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত? তোমার মতামত দাও। ৪

৪. ★ বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সংস্থার সদস্য। সংস্থাটি এ অঞ্চলের দেশগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা তৈরিতে কাজ করছে। দক্ষিণ এশিয়ার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নই এর মূল লক্ষ্য। এ সংস্থাটি প্রতিষ্ঠায় বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করে। এর সদস্য সংখ্যা আট।

ক. OIC-এর পূর্ণরূপ কী? ১

খ. কমনওয়েলথ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে যে আঞ্চলিক সংস্থার কথা বলা হয়েছে সেটির মূলনীতি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক মূল্যায়ন করো। ৪

৫. ▶ সংবিধান রাষ্ট্রের দর্পণ। সমাজ ও রাষ্ট্রব্যবস্থার সাথে সঙ্গতি রেখে এতে সংশোধনী আনায়ন করা হয়। বাংলাদেশের সংবিধানের একটি সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতির পদকে নিয়মতান্ত্রিক করা হয় এবং উপ-রাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়। এ সংশোধনী অনুযায়ী প্রধানমন্ত্রী প্রকৃত নির্বাহী হয়ে উঠেন এবং আইন বিভাগের নিকট শাসন বিভাগের জবাবদিহিতা প্রতিষ্ঠিত হয়।

ক. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির প্রধান ছিলেন কে? ১

খ. মৌলিক অধিকার কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংশোধনীটি সংবিধানের কততম সংশোধনী এবং তা কোন ধরনের শাসনব্যবস্থা চালু করে? ব্যাখ্যা করো। ৩


ঘ. "উক্ত সংশোধনীটি বাংলাদেশের সরকার ও শাসনব্যবস্থায় আমূল পরিবর্তন সাধন করেছে"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬. ★ জনাব 'ক' দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন এবং অল্প বয়সে বাবা মাকে হারান। তিনি কোন বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার সুযোগ পাননি। তবে ধর্মীয় শিক্ষায় শিক্ষিত হন। ব্রিটিশবিরোধী আন্দোলন, দরিদ্র কৃষক শ্রমিকের স্বার্থ সংরক্ষণে তিনি আজীবন আন্দোলন করে গেছেন। তাকে মজলুম জননেতা হিসেবে আখ্যায়িত করা হয়।

https://teachingbd24.com

ক. ফরায়েজি আন্দোলনের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১
খ. বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষাজীবনের বিবরণ দাও। ২
গ. জনাব 'ক' এর সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন নেতার কর্মকাণ্ডের মিল আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. কৃষকদের স্বার্থ আদায় ও জনঅধিকার প্রতিষ্ঠায় উক্ত নেতার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭. ▶ নিচের ছকটি লক্ষ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




Teachingbd24.com

ক. তিতুমীরের প্রকৃত নাম কী? ১
খ. নওয়াব আবদুল লতিফকে বাংলার সৈয়দ আহমদ বলা হয় কেন? ২
গ. উল্লিখিত ছকে কোন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে তথ্য প্রদান করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উক্ত রাজনৈতিক ব্যক্তিত্বের অবদান মূল্যায়ন করো। ৪

৮. ★ রিমা তার বাবার কাছে তৃতীয় বিশ্বের একটি দেশের একটি তাৎপর্যপূর্ণ নির্বাচনের গল্প শুনে। উক্ত নির্বাচনের পূর্বে দেশের রাজনৈতিক দলগুলো ঐক্যবন্ধ হয়ে তৎকালীন সরকারের স্বৈরাচারী কর্মকাণ্ডের বিরুদ্ধে আন্দোলন শুরু করে। আন্দোলনের মুখে সরকার পদত্যাগ করতে বাধ্য হয়। সংবিধান অনুযায়ী প্রধান বিচারপতি রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করে সকল দলের অংশগ্রহণে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন করেন।

ক. নির্বাচন কী? ১

খ. সার্বজনীন ভোটাধিকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত নির্বাচনের সাথে বাংলাদেশের কোন নির্বাচনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত নির্বাচন গণতান্ত্রিক অগ্রযাত্রার মাইলফলক"— তোমার পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন করো। ৪

৯.▶ জনাব এহসান সরকারের তিনটি বিভাগের অন্যতম একটি বিভাগের উচ্চপদস্থ ব্যক্তি। তার বিভাগ স্বাধীনতা, গণতন্ত্র ও সাম্য প্রতিষ্ঠায় সবচেয়ে বড় ভূমিকা পালন করে। মার্কিন সংবিধানে উক্ত বিভাগ আইন পরিষদ কর্তৃক প্রণীত আইনের বৈধতা বিচার করে থাকে। জনগণের সাংবিধানিক অধিকার রক্ষা ও আইনের শাসন প্রতিষ্ঠায় এ বিভাগের স্বাধীনতা জরুরি।

ক. বাংলাদেশের আইন সভার নাম কী? ১

খ. প্রশাসনিক ট্রাইব্যুনাল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিভাগের স্বাধীনতা— ব্যাখ্যা করো। ৩

ঘ. আইনের শাসন প্রতিষ্ঠায় উক্ত বিভাগের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

১০. ★ সরকারের একটি সাংবিধানিক প্রতিষ্ঠান গত ৩০ ডিসেম্বর প্রথমবারের মতো দলীয় প্রতীকে ২৩৪টি পৌরসভার নির্বাচন সম্পন্ন করেন। জনগণ ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সঙ্গে নির্বাচনে অংশগ্রহণ করে। সরকারের প্রতিষ্ঠানটি প্রার্থীদের আচরণবিধি প্রণয়ন, প্রচার এবং কার্যকর করে।

ক. আইনের জটিল প্রশ্নে কে প্রজাতন্ত্রের পক্ষে মত প্রকাশ করেন? ১

খ. দুর্নীতি কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কর্মকাণ্ডের সাথে রাষ্ট্রের কোন সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পৃক্ত? তার গঠন বর্ণনা করো। ৩

ঘ. গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা করো। ৪

১১.▶ সোহেল সরকার একটি সংস্থার নির্বাচিত প্রধান। তার সংস্থায় তিনিসহ মোট ১৩ (তের) জন নির্বাচিত প্রতিনিধি আছে। তাদের কাজে সাহায্য করার জন্য সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন সেক্রেটারি কর্মরত আছেন।

ক. পৌরসভার প্রধানকে কী বলা হয়? ১

খ. স্থানীয় শাসন কী? ২

গ. উদ্দীপকের সোহেল সরকার কোন ধরনের সংস্থার প্রধান? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সংস্থা গ্রামীণ জনগণের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৭ ০

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **বাঙালী জাতীয়বাদের মূল উৎস কোনটি?**
ক) ভাষা  খ) ধর্ম
গ) একই সংবিধান  ঘ) ঐতিহ্যগত ঐক্য

২. **অপারেশন সার্চলাইট-এর অন্যতম বৈশিষ্ট্য কী?**
ক) দারিদ্র দূরীকরণ
খ) নির্বাচনি প্রচারণা
গ) মূলধন গঠন
ঘ) নির্বিচারে মানুষ হত্যা

৩. ★ **শহিদ বুদ্ধিজীবী দিবস কোনটি?**
ক) ২১ ফেব্রুয়ারি  খ) ২৭ ফেব্রুয়ারি
গ) ১৪ ডিসেম্বর  ঘ) ১৬ ডিসেম্বর

৪. ★ **নারীরা ইভটিজিং এর শিকার—**
i. সুশিক্ষার অভাবে
ii. সামাজিক স্থিতিশলিতার অভাবে
iii. অপসংস্কৃতির প্রভাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৫. **জলবায়ু পরিবর্তনের ফলে যেসব সমস্যার সৃষ্টি হচ্ছে—**
i. বন্যা
ii. মরুকরণ
iii. ঝড়-জলোচ্ছ্বাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৬. **বিশেষ চাহিদার জনগোষ্ঠী কারা?**
ক) উপজাতি  খ) ভিক্ষুক
গ) ভূমিহীন  ঘ) প্রতিবন্ধী

৭. ★ **ভারতীয় উপমহাদেশে প্রথম রাজনৈতিক দল গঠিত হয় কত সালে?**
ক) ১৮৬১  খ) ১৮৬৯
গ) ১৮৯৩  ঘ) ১৮৮৫

৮. **'দ্বি-জাতি তত্ত্বের' প্রবক্তা কে?**
ক) লিয়াকত আলী খান
খ) খাজা নাজিমুদ্দিন
গ) মোহাম্মদ আলী জিন্নাহ
ঘ) জুলফিকার আলী ভুট্টো

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও।**

ভারত উপমহাদেশ দীর্ঘদিন ঔপনিবেশিক শাসন দ্বারা শাসিত হয়। এখানে দুটি প্রধান সম্প্রদায়ের মধ্যে একটি শাসকদের পৃষ্ঠপোষকতায় শিক্ষা সংস্কৃতি ব্যবসায়-বাণিজ্য ও চাকরি ক্ষেত্রে অগ্রগতি লাভ করে। ফলে অন্য সম্প্রদায়ের সাথে বৈষম্য বৃদ্ধি পায়।

৯. **উদ্দীপকে বর্ণিত শাসকদের সুবিধাপ্রাপ্ত সম্প্রদায় কোনটি?**
ক) মুসলমান  খ) হিন্দু
গ) বৌদ্ধ  ঘ) খ্রিষ্টান

১০. **উদ্দীপকে ঔপনিবেশিক শাসক বলতে বোঝানো হয়েছে—**
i. ফরাসিদের
ii. মুঘলদের
iii. ব্রিটিশদের
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii
গ) iii  ঘ) i, ii ও iii

১১. **বাংলাদেশ সর্বপ্রথম কোন আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে?**
ক) কমনওয়েলথ  খ) জাতিসংঘ
গ) জোট নিরপেক্ষ আন্দোলন
ঘ) ওআইসি

১২. **সার্কের সর্বশেষ সদস্য হলো—**
ক) চীন  খ) মায়ানমার
গ) দক্ষিণ কোরিয়া  ঘ) আফগানিস্তান

১৩. ★ **ছাত্র শেখ মুজিবুর রহমান পথ বুদ্ধ করেছিলেন—**
i. শহীদ সোহরাওয়ার্দী
ii. এ.কে. ফজলুল হকের
iii. আব্দুল হামিদ খান ভাসানীর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৪. **দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের অবদান কোনটি?**
ক) বেঙ্গল প্যাক্ট
খ) ঋণ সালিশি বোর্ড গঠন
গ) লাহোর প্রস্তাব
ঘ) ভাষা আন্দোলন

১৫. **বাঁশের কেল্লা নির্মাণ করেন কে?**
ক) নবাব আব্দুল লতিফ
খ) তিতুমীর
গ) নবাব স্যার সলিমুল্লাহ
ঘ) দেশবন্ধু চিত্তরঞ্জন দাস

Teachingbd24.com

১৬. বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার বৈশিষ্ট্য হলো—
i. প্রত্যক্ষ ভোট
ii. গোপন ভোট পদ্ধতি
iii. সমভোটাধিকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. ★ বাংলাদেশের সংবিধান হলো—
i. লিখিত
ii. ধর্মনিরপেক্ষ iii. দুষ্পরিবর্তনীয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. স্বাধীন বাংলাদেশের প্রথম গণভোট হয় কত সালে?
ক ১৯৭৬ খ ১৯৭৭
গ ১৯৭৮ ঘ ১৯৭৯

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
নাইমা ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। আসন্ন জাতীয় নির্বাচনে সে তার পছন্দের প্রার্থীকে ভোট দিতে চায়। তাই সে একটি সংস্থার অফিসে যায়। উক্ত অফিস তাকে একটি পরিচয়পত্র প্রদান করে। সে পরিচয়পত্র দ্বারা ভোট প্রদান ছাড়াও অনেক গুরুত্বপূর্ণ কাজ করতে পারবে।

১৯. ★ নাইমা কোন সাংবিধানিক সংস্থার অফিসে যায়?
ক নির্বাচন কমিশন
খ মানবাধিকার কমিশন
গ সরকারি কর্ম কমিশন
ঘ দুর্নীতি দমন কমিশন

২০. ★ উক্ত পরিচয়পত্র দ্বারা নাইমা আর যে কাজ করতে পারবে—
i. পাসপোর্ট তৈরি
ii. বিমানের টিকেট বুকিং
iii. ব্যাংক হিসাব খোলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কীভাবে?
ক রাষ্ট্রপতির আদেশে
খ আইন পরিষদ কর্তৃক
গ গণপরিষদ কর্তৃক
ঘ বিপ্লবের মাধ্যমে

২২. বাংলাদেশের সংবিধান অনুসারে সকল ক্ষমতার মালিক কে?
ক সরকার খ জনগণ
গ রাষ্ট্র ঘ রাজনৈতিক দল

২৩. বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান কয়টি?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭

২৪. বর্তমানে জাতীয় সংসদে মহিলাদের জন্য কতটি আসন সংরক্ষিত রয়েছে?
ক ৩০টি খ ৪০টি
গ ৫০টি ঘ ৭০টি

২৫. বাংলাদেশের রাষ্ট্রপতি হলেন—
i. রাষ্ট্রপ্রধান
ii. সরকার প্রধান
iii. সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান কে?
ক মন্ত্রী খ অতিরিক্ত সচিব
গ সচিব ঘ প্রধানমন্ত্রী

২৭. জাতীয় সংসদের সভাপতি কে?
ক স্পীকার খ ডেপুটি স্পীকার
গ রাষ্ট্রপতি ঘ প্রধানমন্ত্রী

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:
জাহানারা একটি সংস্থায় চাকরি করে। যা দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সংস্থাটি সরকারি নয়।

২৮. উদ্দীপকের জাহানারা কোন ধরনের সংস্থায় চাকুরী করে?
ক ইউনিয়ন পরিষদ খ পৌরসভা
গ এনজিও ঘ উপজেলা পরিষদ

২৯. উক্ত সংস্থাটি ভূমিকা রাখে—
i. দুর্যোগ ব্যবস্থাপনায়
ii. নারীর ক্ষমতায়নে
iii. আইন-শৃঙ্খলা রক্ষায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. 'Modern Democracy' গ্রন্থটি কার লেখা?
ক লর্ড কিংসলে খ লর্ড ব্রাইস
গ অধ্যাপক লাস্কি ঘ ড. জেনিংস

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com